ME(ICT RTHD)
[handwritten initials] ১১/০৫/২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.১৬-১৪৫

তারিখ : ২৭ বৈশাখ ১৪২৩ / ১০ মে ২০১৬

## প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোঃ ওমর ফারুক (৬০০৪৪০), উপ-বিভাগীয় প্রকৌশলী {(চঃদাঃ) (সাময়িকভাবে বরখাস্ত)}, ফেরি উপ-বিভাগ, পটুয়াখালী-তে কর্মরত থাকা অবস্থায় উক্ত উপ-বিভাগের আওতাধীন খেপুপাড়া ফেরিঘাটের পটুয়াখালী প্রান্তের পন্টুনে তাঁর অবহেলা ও সময়োচিত পদক্ষেপ গ্রহণ না করায় ছিদ্র/ফাটল সৃষ্টি হয়ে পন্টুনে পানি জমে গত ২৯.১২.২০১৫ তারিখ সকাল ৭:১০ মিনিটে পন্টুনটি ডুবে গিয়ে এক অনাকাঙ্খিত ও বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হয়। এ কারণে বিগত ৩০.১২.২০১৫ তারিখ অনুষ্ঠিত পৌরসভা নির্বাচনী কাজে নিয়োজিত নির্বাচনী কর্মকর্তা, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যগণ ও জনসাধারণের ফেরি পারাপারে অচলাবস্থার সৃষ্টি হয়;

যেহেতু অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বরিশাল জোন কর্তৃক ২৯.১২.১৫ তারিখের ৩২২৩ সংখ্যক স্মারকে বিষয়টি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অবহিত করা হয়। ফেরিটি সুষ্ঠুভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা হলে এ পরিস্থিতির সৃষ্টি হতো না। ফেরী উপ-বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী হিসেবে তাঁর উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেননি বলেই এ পরিস্থিতির সৃষ্টি হয়;

যেহেতু সরকারি কর্তব্য-কাজে অবহেলা, উদাসীনতা ও গাফিলতি প্রদর্শনের কারণে তাঁকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ৩১.১২.২০১৫ তারিখের ৩৫.০০.০০০০.০২২.১৫.০৩৭.১৫-৯৯৭ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি গত ০৭.০২.২০১৬ তারিখে লিখিত জবাব দাখিল করেন;

যেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের উপসচিব জনাব দীপঙ্কর মন্ডল-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা তদীয় প্রতিবেদনে উল্লেখ করেন যে, পটুয়াখালী উপ-বিভাগের আওতাধীন খেপুপাড়া ফেরিঘাটের পটুয়াখালী প্রান্তের পন্টুনটি অবহেলা ও সময়োচিত পদক্ষেপ গ্রহণ না করায় ছিদ্র/ফাটল সৃষ্টি হয়ে পন্টুনে পানি জমে গত ২৯.১২.২০১৫ তারিখ সকাল ৭.১০ মিনেটে পন্টুনটি ডুবে গিয়ে এক অনাকাঙ্খিত ও বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হওয়ার জন্য অভিযুক্ত কর্মকর্তা দায়ী অভিযোগটি তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করা হয়। তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে উত্থাপিত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

*চলমান পাতা-২*

সেহেতু এ প্রেক্ষাপটে, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর বিধি-৬(২) অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ ওমর ফারুক (৬০০৪৪০), উপ-বিভাগীয় প্রকৌশলী {(চঃদাঃ) (সাময়িকভাবে বরখাস্ত)}, ফেরি উপ-বিভাগ, পটুয়াখালী-কে বিভাগীয় মামলা নম্বর ০৩/২০১৬ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.১৬-১৪৫/১(১৬)

তারিখ : ২৭ বৈশাখ ১৪২৩
১০ মে ২০১৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (**প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল**)
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. উপসচিব (সজস গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা (**প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল**)
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, যান্ত্রিক উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১২. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১৩. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (**প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল**)
১৪. জনাব মোঃ ওমর ফারুক (৬০০৪৪০), উপ-বিভাগীয় প্রকৌশলী {(চঃদাঃ) (সাময়িকভাবে বরখাস্ত)}, সড়ক ও জনপথ অধিদপ্তর, ফেরি উপ-বিভাগ, পটুয়াখালী
১৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল**)
১৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

(যাহিদা খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫১৩৬৮৮